



Association for Protection of Democratic Rights

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি

Eternal Vigilance is the Price of Liberty

18 MadanBaralLane , Kolkata- 700 012

Website: www.apdrwb.in Email: apdr.wb@gmail.co

Contact: 9432276415/ 8981416511

প্রেস বিবৃতি

কলকাতা: মঙ্গলবার, ১৭ই ডিসেম্বর, ২০১৯

মানবাধিকার রক্ষায়

এনপিআর-এনআরসি-নাগরিকত্ব আইন বিরোধী গণতান্ত্রিক আন্দোলনকে

সমর্থন ও শক্তিশালী করুন

এনপিআর-এনআরসি-নাগরিকত্ব আইন বিরোধী প্রতিবাদে দেশ উত্তাল; জামিয়া মিলিয়া ও আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী-শিক্ষকেরা দিল্লি পুলিশের বর্বরোচিত আইন-অতিক্রম-করা আক্রমণের শিকার; একাধিক রাজ্য সরকারও প্রতিবাদে সামিল; মৃত্যু উপেক্ষা করে মানুষের চল পুঞ্জীভূত ক্ষোভে রাস্তায় রাস্তায় রাজ্যে রাজ্যে; দেশের সর্বোচ্চ আদালতেও নাগরিকত্বের সংশোধনী আইনি মামালার উত্থাপ; আন্তর্জাতিক মহলে ভারত সরকার নিন্দার মধ্যে, নিজের ঘরেও অসন্তোষ – তবুও অসংখ্য মানুষকে বে-নাগরিক ঘোষণা করবো, সামাজিক বিভাজনকে রক্তক্ষয়ী খাতে নিয়ে যাবো, দেশের সংবিধানকে দলীয় আগ্রাসন ও দম্বের নীচে নিষ্পেষণে করবো – মোদিজী-অমিতজীর এই হুক্মার ও হুমকির সরকার আজ ক্রম-প্রসারমান প্রতিবাদের মুখে। দেশকে তারা নিয়ে চলছে জরুরী অবস্থা ও (আপাত) সামরিক শাসন বলবত করার দিকে। বিজেপি-সঙ্ঘ পরিবারের হিন্দু-সংকীর্ণতাবাদী ও মৌলবাদী রাজনৈতিক স্বার্থে দেশকে নিয়ে একতরফা ছেলেখেলা মানুষ সম্ভবত আর বরদাস্ত করতে পারছে না। মানুষ তার মৌলিক অধিকার ও স্বাধীনতা ফেরৎ চায় আজ এই বার্তা সকলের কাছেই স্পষ্ট।

এমনই সময়ে পশ্চিমবঙ্গের আতঙ্কগ্রস্ত সাধারণ মানুষ এনপিআর-এনআরসি-নাগরিকত্ব আইন বিরোধী আন্দোলনে নামতে বাধ্য হচ্ছেন। এই আন্দোলনে যুক্ত বিভিন্ন শক্তি ও ব্যক্তিবর্গ ঐক্যবদ্ধ হওয়ার যে আবেদন করছেন এপিডিআর তাকে সমর্থন জানায়। এই আন্দোলনে নানা স্থানের নানা অনভিপ্রেত ঘটনাগুলি বৃহত্তর গণতান্ত্রিক ঐক্যের প্রচেষ্টাকে ক্ষুণ্ণ করতে এবং বিরুদ্ধবাদীদের ষড়যন্ত্র পাকানোর সুযোগ করে দিতে পারে বলে মনে করছেন অনেকেই। সেই আশঙ্কা অমূলক নয়।

এনপিআর-এনআরসি-নাগরিকত্ব সংশোধনী আইন বিরোধী আন্দোলন ছড়িয়ে পড়ার পিছনে মানুষকে দেশছাড়া হওয়ার আশঙ্কা এবং বিজেপি ও সঙ্ঘ পরিবারের নেতাদের লাগাতার প্ররোচনামূলক মন্তব্য ও উস্কানিকেই এপিডিআর প্রধান কারণ বলে মনে করে। প্রধানমন্ত্রীর পোষক নিয়ে সাম্প্রতিক উস্কানীমূলক মন্তব্যসহ সমগ্র বিজেপি-সঙ্ঘ নেতৃত্বের মেরুকরণের সংকীর্ণ রাজনীতি ও মানবাধিকার পদদলিত করার দেশজোড়া অজস্র নজির মানুষকে বাঁচার তাড়নায় উপায়হীনভাবে পথে নামতে বাধ্য করে তুলেছে। তাই ঐসব ষড়যন্ত্রকারী নেতাদের মুখে মানুষের অসুবিধার কথা বা আইন-শৃঙ্খলা রক্ষার মেকী বুলি আর শোভা পায় না। তারা সংযত হোন।

একইসাথে আন্দোলকারীদের প্ররোচিত করছে পুলিশের দমননীতি: দিল্লির জামিয়া মিলিয়া বিশ্ববিদ্যালয় ও আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় চত্বরে পরিকল্পিত পুলিশী সন্ত্রাস এর কঠোর নিন্দা করছে এপিডিআর এবং দায়ী করছে স্বরাষ্ট্রমন্ত্রিসহ কেন্দ্রীয় প্রশাসনের মুসলিম বিদ্বেষকে। তাই রাজ্য সরকারের কাছে এপিডিআর স্পষ্টভাষায় দাবী করছে আন্দোলনকারীদের প্রতি সরকার তার হুক্মার বন্ধ করুন কারণ তা রাজ্যের পুলিশ ও প্রশাসনের ভিতরে লুকিয়ে থাকা সাম্প্রদায়িক মনোভাবাপন্ন ব্যক্তিদের উৎসাহিত করছে ঘোঁট পাকাতে যার একটি নমুনা হল এনআরসি-বিরোধী যুক্তমঞ্চকে ও নো-এনআরসি উদ্যোগের তরফে আয়োজিত আগামী ১৯ তারিখের দুটি সভার স্থান না দেওয়া। অবিলম্বে তাদের সভা করার অনুমতি দেওয়ার জন্য সরকারের কাছে দাবী করছে এপিডিআর।

রাজ্য সরকার এ রাজ্যে এনপিআর প্রক্রিয়া স্থগিত রাখা সত্ত্বেও দেশজোড়া আরও বৃহত্তর গণতান্ত্রিক আন্দোলন ছাড়া এনপিআর-এনআরসি-নাগরিকত্ব সংশোধনী আইন বাতিলের দাবী মানুষের কাছে অধরা থাকবে। এই আন্দোলনকে আরও ঐক্যবদ্ধ ও শক্তিশালী করতে হবে।

ধীরাজ সেনগুপ্ত

General Secretary
Association For Protection
Of Democratic Rights